গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
সাধারণ শাখা

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির নভেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শাহগীর আলম<br>জেলাপ্রশাসক |
| সভার তারিখ | ১৯ নভেম্বর ২০২৩, |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | পরিশিষ্ট ''ক'' ও ''খ'', অনুপস্থিতি : পরিশিষ্ট ''গ'' |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় । সভাপতির অনুরোধে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভার কার্যপত্র উপস্থাপন করেন। জেলার বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থাভিত্তিক উন্নয়ন কার্যক্রমের বিষয়ে ক্রমানুযায়ী বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| আলোচনাক্রম ও বিভাগ | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | জেলা উন্নয়ন সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ক্রমপুঞ্জীভূত তথ্য এবং অক্টোবর ২০২৩ মাসের গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি। | অক্টোবর ২০২৩ মাসের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) ব্রাহ্মণবাড়িয়া। |

| ক্র: নং | সভার নাম | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | জেলা উন্নয়ন সমন্বয় সভা, জুলাই/২০২৩ | ১৬.০৭.২০২৩ | ১৫৫ | ১৪৪ | ৯৩% | |
| ২ | জেলা উন্নয়ন সমন্বয় সভা, আগস্ট/২০২৩ | ২০.০৮.২০২৩ | ১৫৭ | ১৪৮ | ৯০% | |
| ৩ | জেলা উন্নয়ন সমন্বয় সভা, সেপ্টেম্বর /২০২৩ | ১৭.০৯.২০২৩ | ১৬৬ | ১২৮ | ৭৭.১১% | |
| ৪ | জেলা উন্নয়ন সমন্বয় সভা, অক্টোবর /২০২৩ | ১৫.১০.২০২৩ | ১৭০ | ১৪৩ | ৮৪.১০% | |
| | | | ৬৪৮ | ৫৬৩ | ৮৬.৫২৫% | |

| আলোচনাক্রম ও বিভাগ | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০২। স্বাস্থ্য বিভাগ ব্রাহ্মণবাড়িয়া | ক) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় জানান যে, ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা মোট ১৩৫৪ জন। জেলার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও সদর হাসপাতালসহ ডেঙ্গু রোগী ভর্তি আছে ০৫ জন। অক্টোবর ২০২৩ মাসে জেলার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গুলোতে ১,৬০,৭৭৮ জন সেবা গ্রহণ করছে। ১১,৮৩,২০৮ জন আউটডোর সেবা গ্রহন করেছে। ৩৫৮ টি ডেলিভারি হাসপাতালে সম্পন্ন হয়েছে এর মধ্যে ১৪৫টি সিজারের মাধ্যমে সম্পন্ন হয়েছে। মাইনর অপারেশন হয়েছে ৪৬১৫টি। বাঞ্ছারামপু উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স গত ১৪/১১/২০২৩ তারিখে উদ্বোধন করা হয়েছে। পুন:নির্মাণ যোগ্য কমিউনিটি ক্লিনিকের সংখ্যা ০৭টি। আখাউড়া স্থল বন্দরে ৬ তলা বিশিষ্ট মেডিকেল সেন্টার এর নির্মাণ কাজ চলমান।<br><br>খ) সভাপতি বলেন জন্মনিবন্ধন ছাড়া যাতে ইপিআই টিকা না দেওয়া হয় সে বিষয়ে সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে।ভভিতিএ ছাএ | ২.ক) ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২.খ) ডেঙ্গু প্রতিরোধে পৌরশহরের ড্রেন, বাড়ির আঙ্গিনা, ছাদ ও বারান্দায় অবস্থিত ফুলের টব পরিস্কার -পরিচ্ছন্ন করার জন্য সচেতনতামূলক প্রচার চালাতে হবে।<br><br>২.গ) জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরি বিভাগের মাধ্যমে চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২.ঙ) জন্মনিবন্ধন ছাড়া যাতে ইপিআই টিকা দেওয়া না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া,<br><br>মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ০৩।<br>তত্ত্বাবধায়কের কার্যালয়, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মণবাড়িয়া | তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে,অক্টোবর ২০২৩ মাসে ডেঙ্গু সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা-৫০ জন মেজর অপারেশনের সংখ্যা ৯৩টি, মাইনর অপারেশনের সংখ্যা ১২৮৯টি, সিজার ডেলিভারির সংখ্যা ১১১টি, স্বাভাবিক ডেলিভারি ১০৯টি, অন্তঃবিভাগে রোগী ভর্তির সংখ্যা-৪১৭৭ জন, জরুরী বিভাগে সেবা গ্রহিতার সংখ্যা ১০৯৪৭ জন, বহিঃ বিভাগে সেবা গ্রহিতার সংখ্যা ৪২৯০৮ জন। ময়না তদন্তের সংখ্যা ৪৬ টি। স্বাস্থ্যসেবা খাতে রাজস্ব আদায় ২৭,৭৯,৮২০.০০ টাকা। বৈকালিক স্বাস্থ্যসেবা বিকাল ৩.০০ টা হতে রাত ৮.০০ পর্যন্ত চালুর ব্যবস্থা করা হয়েছে। | ৩.ক) হাসপাতালে জরুরি বিভাগের মাধ্যমে চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩.খ) হাসপাতালের পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে।<br>৩.গ) ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা প্রতি ০৩ (তিন) দিনে ০১ (এক) দিন হাসপাতাল পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>৩.ঘ) প্রসব পরবর্তী সময়ে শিশুদের ছাড়পত্র প্রদানের সময় জন্মসনদ বাধ্যতামূলক করে ছাড়পত্র প্রদান অব্যাহত রাখতে হবে।<br>৩.ঙ) হাসপাতালে ডেলিভারি সেবা নিতে আসা গর্ভবতী মায়েদের বাচ্চা প্রসবের পর ছাড় পত্র প্রদানের সময় জন্মনিবন্ধন সনদ প্রর্দশন বাধ্যতামূলক করতে হবে।<br>৩.চ) বৈকালিক স্বাস্থ্যসেবা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে এবং তা প্রতি জেলা সমন্বয় সভায় পর্যালোচনা করতে হবে। | সিভিল সার্জন,<br>ব্রাহ্মণবাড়িয়া,<br>তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা<br>সদর হাসপাতাল,<br>ব্রাহ্মণবাড়িয়া<br><br>নির্বাহী প্রকৌশলী,<br>গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৪।<br>বাংলাদেশ<br>গ্যাস ফিল্ডস কোঃ লিঃ<br>ব্রাহ্মণবাড়িয়া। | এমডি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোঃ লিঃ, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | ৪.ক) গ্যাস উৎপাদন কার্যক্রম যথাযথ প্রক্রিয়া অনুসারে চলমান রাখতে হবে। | এমডি, বাংলাদেশ<br>গ্যাস ফিল্ড<br>কো: লিঃ<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ০৫।<br>বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো. লি.<br>ব্রাহ্মণবাড়িয়া | ডিজিএম, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোঃ লিঃ, ব্রাহ্মণবাড়িয়া সভায় বলেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে এবং অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান সরকারি দপ্তরসমূহের গ্যাস বিলের বকেয়া কাঙ্খিত মাত্রায় আদায় হচ্ছেনা। | ৫.ক) অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করার অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>৫.খ) অবৈধ গ্যাস সংযোগ এর সাথে জড়িত কর্মকর্তা/ কর্মচারীদের খুঁজে বের করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫.গ) সরকারী দপ্তরসমূহের বকেয়া গ্যাস বিল আদায় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৫.ঘ) অবৈধ গ্যাস সংযোগ বিছিন্নকরণ অভিযানের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ডিজিএম, বাখরাবাদ<br>গ্যাস ডিস্ট্রিবিউশন<br>কোঃ লিঃ<br>ব্রাহ্মণবাড়িয়া<br><br>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ০৬।<br>গণপূর্ত বিভাগ<br>ব্রাহ্মণবাড়িয়া। | ক) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান, জেলা সদরের মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র ৩০/১০/২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে এবং রং এর কাজ চলমান। বাঞ্ছারামপুর উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের ইটের গাথুনি ও আস্তরের কাজ চলমান। আশুগঞ্জ উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের নতুন স্থানে টেস্ট পাইলের ডিজাইন পাওয়া গেছে। টেস্ট পাইলের কাজ চলমান। আশুগঞ্জ উপজেলা মুক্তিযুদ্ধকালে মিত্রবাহিনীর শহীদ সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ কাজ চলমান।<br><br>ঘ) সভাপতি বলেন যে, মডেল মসজিদ যেহেতু মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার তালিকাভুক্ত একটি প্রকল্প তাই গুরুত্ব সহকারে এ প্রকল্পের কাজ করতে হবে। | ৬.ক) বাঞ্ছারামপুর উপজেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রের নির্মাণ কাজ দ্রুত গতিতে গুণগতমান বজায় রেখে সমাপ্ত করতে হবে।<br><br>৬.খ) আশুগঞ্জ উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের টেস্ট পাইলের কাজ শেষ হওয়ার পর নির্মাণ কাজ দ্রুত শুরু<br>৬.গ) আশুগঞ্জ উপজেলায় মুক্তিযুদ্ধকালে মিত্রবাহিনীর শহীদ সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ কাজ গুণগতমান বজায় রেখে দ্রুত সমাপ্ত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>গণপূর্ত বিভাগ<br>ব্রাহ্মণবাড়িয়া,<br>নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ব্রাহ্মণবাড়িয়া<br><br>উপ পরিচালক<br>ইসলামিক ফাউন্ডেশন<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ০৭।<br>সড়ক ও জনপথ বিভাগ<br>ব্রাহ্মণবাড়িয়া | ক) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়কের নির্মাণ কাজ ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত হবে। আশুগঞ্জ- নবীনগর রাস্তার ভূমি অধিগ্রহণ কাজ চলমান। সভাপতি নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে সংলগ্ন সড়কের সাইনবোর্ডে 'স্টেডিয়াম' এর পরিবর্তে 'নিয়াজ মুহম্মদ স্টেডিয়াম' সম্বলিত সাইনবোর্ড দেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগকে অনুরোধ করেন। | ৭.ক) নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়ক নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>৭.খ.) নবীনগর-আশুগঞ্জ সড়ক নির্মাণ প্রকল্পের আওতায় তিতাস ও পাগলা সেতুর নির্মাণ কাজ গুণগত মান বজায় রেখে দ্রুত শেষ করতে হবে।<br>৭.গ) সড়ক ও জনপথের মেরামেতযোগ্য রাস্তাসমূহ জরুরি ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭.ঘ) বিশ্বরোড মোড়ের যানজট এড়াতে ও উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সরাইল মোবাইল কোর্ট পরিচালনা করবেন।<br>৭.ঙ) নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে সংলগ্ন সড়কের সাইনবোর্ডে' 'স্টেডিয়াম' এর পরিবর্তে নিয়াজ মুহম্মদ স্টেডিয়াম' সম্বলিত সাইনবোর্ড দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>সড়ক ও জনপথ বিভাগ,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ০৮।<br>আশুগঞ্জ নদীবন্দর- সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর পর্যন্ত ৪ লেন সড়ক নির্মাণ প্রকল্প, | ক) প্রতিনিধি,আশুগঞ্জ নদীবন্দর- সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর পর্যন্ত ৪ লেন সড়ক নির্মাণ প্রকল্প সভায় বলেন রাস্তা নির্মাণ কাজের জন্য যে সমস্ত এলাকা যান চলাচলে অনুপযোগী হয়ে পড়েছে সে এলাকায় মেরামতের কাজ চলমান আছে। পানি নিষ্কাশনের ব্যবস্থা রেখেই রাস্তা নির্মাণ করা হচ্ছে।<br><br>খ) উপ-প্রকল্প ব্যবস্থাপক সভায় জানান আশুগঞ্জ গোলচত্বর থেকে সরাইল বিশ্বরোড পর্যন্ত যে সকল জায়গায় বিদ্যুৎ এর খুঁটি অপসারণ করা হয় নাই সেগুলো দ্রুত অপসারণের জন্য অনুরোধ জানান।<br>গ) উপ-প্রকল্প ব্যবস্থাপক,ফোরলেন প্রকল্প সভায় জানান সরাইল থেকে ধরখার পর্যন্ত প্রায় সকল স্থানে বিদ্যুতের খুঁটি অপসারণের কাজ চলমান রয়েছে। পুনিয়াউট থেকে বিরাশার পর্যন্ত দুইটি স্থানে কিছু বিদ্যুতের খুঁটি অপসারণের কাজ অবশিষ্ট আছে। তিনি সভায় আরও জানান রামরাইল থেকে তন্তর বাজার পর্যন্ত বিছিন্নভাবে পল্লী বিদ্যুৎের খুঁটি রয়েছে। জিএম,পল্লী বিদ্যুৎ সমিতি, ব্রাহ্মণবাড়িয়া জানান রাধিকা বাজার এবং সুলতানপুর বাজার এলাকার খুঁটি অপসারন কাজ চলমান আছে এবং এ কাজ সম্পন্ন হলে অন্যান্য স্থানের খুঁটি অপসারণ কাজ শুরু করা হবে। উপ-প্রকল্প ব্যবস্থাপক সভায় জানান বিদুৎ এর খুঁটি অপসারণ কাজ নির্বিঘ্ন করা জন্য ধরখার বাজারে উচ্ছেদ কাজ পরিচালনা করা প্রয়োজন।<br>ঘ) জিএম, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি জানান আশুগঞ্জ নদীবন্দর- সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর পর্যন্ত ফোরলেন সড়কে অবিস্থত পল্লী বিদ্যুৎ এর খুঁটির ১৪ টি ক্রসিং এর মধ্যে ১০ টি ক্রসিং এর খুঁটি অপসারণ করা হয়েছে ও ১ টি ক্রসিং এর অপসারণ কাজ চলমান। ৩টি ক্রসিং এর মাটি ভরাটের কাজ সম্পন্ন হলে খুঁটি অপসারণ করা হবে। সুলতানপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের ফিলিং স্টেশনের পাশে বিদ্যুতের খুঁটি বাধাঁর কারণে অপসারণ করা যায়নি। সুলতানপুর ফিডার থেকে বিদ্যুতের খুঁটি অপসারণের কাজ চলমান।<br><br>ঙ) জেলাপ্রশাসক মহোদয় বলেন, ঘাটুরা মেডিকেল কলেজ থেকে বিশ্বরোড পর্যন্ত এবং রামরাইল থেকে সুলতানপুর পর্যন্ত রাস্তা নষ্ট থাকায় এ জেলার জনগণের কষ্ট হচ্ছে। তাই অতি শীঘ্রই একপাশের দুই লেন রাস্তা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>চ) আশুগঞ্জ- সরাইল-ধরখার-আখাউড়া ফোরলেন প্রকল্পের আওতায় অন্যান্য সরকারি দপ্তর/ বিভাগের নামে অধিগ্রহণকৃত/ মালিকানাধীন ভূমি সড়ক বিভাগের অনুকুলে হস্তান্তরের ০৬টি এলএ মামলার ভূমি মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে একটি হস্তান্তর এলএ মামলার অনুমোদন ১৯/১১/২০২৩ তারিখে পাওয়া গেছে। এর প্রেক্ষিতে প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। শীঘ্রই প্রত্যাশি সংস্থার নিকট প্রাক্কলন প্রেরণ করা হবে এবং অবশিষ্ট ৫টি হস্তান্তর এলএ মামলা ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর দ্রুত পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হবে। | ৮.ক) পানি নিষ্কাশনের ব্যবস্থা রেখে ফোর লেন প্রকল্পের রাস্তার নির্মাণ কাজ দ্রুতগতিতে সমাপ্ত করতে হবে।<br>৮.খ) আগামী দুই মাসের মধ্যে আশুগঞ্জ গোলচত্বর থেকে সরাইল বিশ্বরোড পর্যন্ত সকল বিদ্যুতের খুঁটি অপসারণ করতে হবে।<br>৮.গ) পুনিয়াউট থেকে বিরাশার পর্যন্ত দুইটি স্থানের বিদ্যুতের খুঁটি অপসারণের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>৮.ঘ.১) রামরাইল থেকে তন্তর বাজার পর্যন্ত বিছিন্নভাবে অবস্থিত পল্লী বিদ্যুৎ এর খুঁটি দ্রুত অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিদুৎ এর খুঁটি অপসারণ কাজ নির্বিঘ্ন করা জন্য ধরখার বাজারে উচ্ছেদ কাজ পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮.ঘ.২) আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর পর্যন্ত ফোরলেন সড়কে অবিস্থত পল্লী বিদ্যুৎ অবশিষ্ট ক্রসিং এর খুঁটি দ্রুত অপসারণ করতে হবে।<br>৮.ঙ) রামরাইল থেকে সুলতানপুর পর্যন্ত আগামী **৩০ নভেম্বর ২০২৩** তারিখের মধ্যে এক পাশের দুই লেন রাস্তা চালু করা হবে।<br>৮.চ.১) বিশ্বরোড গোলচত্তর মোড়ে নিয়মিত পানি ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮.ছ.২) আশুগঞ্জ- সরাইল-ধরখার-আখাউড়া ফোরলেন প্রকল্পের আওতায় অবশিষ্ট ৬টি হস্তান্তর এলএ মামলা ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৮.জ) চান্দিয়ারা- সুহিলপুর-কাঙ্গালিয়া রাস্তার নির্মাণ শেষে যানচলাচলের জন্য দ্রুত খুলে দিতে হবে। | প্রকল্প পরিচালক,<br>আশুগঞ্জ নদীবন্দর- সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর পর্যন্ত ৪ লেন সড়ক নির্মাণ প্রকল্প,<br>নির্বাহী প্রকৌশলী,<br>সড়ক ও জনপথ বিভাগ,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>ও<br>নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ০৯।<br>এলজিইডি<br>ব্রাহ্মণবাড়িয়া | ক) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় জানান যে, পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে GOB Maintenance এর মোট ৮৬টি স্কিমের মধ্যে চুক্তিকৃত স্কিমের সংখ্যা ৮৬টি, বর্তমানে ৭৯টি স্কিম সমাপ্ত হয়েছে। ৭টি স্কিম ২০২৩-২০২৪ অর্থ বছরের কেরি ওভার হিসেবে চলমান রয়েছে। এ ছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরে GOB Maintenance এর মাধ্যমে ৫১ টি প্রকল্পের বিপরীতে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন।<br>খ) নান্দুরা-গোকর্ণঘাট পর্যন্ত রাস্তাটি মেরামত কাজের জন্য NOA প্রদান করা হয়েছে।<br>গ) চান্দুরা হতে আখাউড়া পর্যন্ত রাস্তাটি কালভার্ট নির্মাণসহ গুনগতমান বজায় রেখে মেরামত কাজ চলমান আছে।<br>ঘ) খড়মপুর মাজারের সামনের রাস্তাটি মেরামত কাজ চলমান আছে।<br>ঙ) মির্জাপুর-হরষপুর ও হরষপুর- এখতারপুর রাস্তার নির্মাণ কাজের ঠিকাদারের চুক্তি বাতিল করা হয়েছে এবং যৌথ পরিমাপের ভিত্তিতে ঠিকাদারকে জরিমানা আরোপ করা হবে। রাস্তার কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>চ) নাসিরনগরে ২টি ঝুঁকিপূর্ণ সেতু এবং গোকর্ণ বেড়িবাঁধের ঝুঁকিপূর্ণ সেতুর স্থানে SupRB প্রকল্পের মাধ্যমে নতুন ব্রীজ নির্মাণের প্রস্তাব অনুমোদনের পর Soil Test & Topography সম্পন্ন করে এলজিইডি সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>ছ) এলজিইডির আওতাধীন বিভিন্ন কাঁচা সড়কগুলো নির্মাণ করার জন্য বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এলজিইডির কাঁচা সড়কগুলো মেরামতে জন্য জিওবি মেইনটেনেন্স এর মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৫১ টি স্কীমের দরপত্র প্রক্রিয়াধীন আছে। তাছাড়া অন্যান্য কিছু সংখ্যক পাঁকা সড়ক মেরামত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা প্রক্রিয়াধীন। | ৯.ক) চলমান প্রকল্পগুলোর কাজ গুণগতমান বজায় রেখে দ্রুত সমাপ্ত করতে হবে।<br>৯.খ) নান্দুরা- গোকর্ণঘাট রাস্তাটির প্রস্তাব অনুমোদনের পর রাস্তা নির্মাণের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>৯.গ) চান্দুরা হতে আখাউড়া পর্যন্ত রাস্তাটি গুণগতমান বজায় রেখে দ্রুত মেরামত কাজ সম্পন্ন করতে হবে।<br>৯.ঘ)খড়মপুর মাজারের সামনের রাস্তাটি মেরামত কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>৯.ঙ) মির্জাপুর-হরষপুর ও হরষপুর- এখতারপুর রাস্তার নির্মাণ কাজের ঠিকাদারের চুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে সুপারিশ করে নির্মাণ কাজ শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৯.চ) নাসিরনগরে ২টি ঝুকিপূর্ণ সেতু এবং গোকর্ণ বেড়ীবাঁধের ঝুঁকিপূর্ণ সেতু স্থানে SupRB প্রকল্পের মাধ্যমে নতুন ব্রীজ নির্মাণের প্রস্তাব অনুমোদনের পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৯.ছ) কাঁচা সড়কগুলি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি ব্রাহ্মণবাড়িয়া,<br>এবং<br>উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর/ আখাউড়া/ বিজয়নগর/ নাসিরনগর/ নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া |
| ১০।<br>পানি উন্নয়ন বোর্ড<br>ব্রাহ্মণবাড়িয়া | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, সরাইল উপজেলার রাজাপুর নামক স্থানে প্রতিরক্ষা প্রকল্পটির<br>কাজ ও নবীনগর উপজেলার বাড়িকান্দি- ধরাভাঙ্গা হতে এমপি বাঁধ পর্যন্ত মেঘনা নদীর বামতীর সংরক্ষণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রকল্প গ্রহণের জন্য প্রাক্কলন তৈরিপূর্বক বরাদ্দ চাওয়া হয়েছে। টাউন খাল ও কালন্দি খাল খনন কাজের দরপত্র কার্যক্রম শ্রীঘ্রই শুরু করা হবে। সাধারণত জানুয়ারি- মার্চ মাসে খনন কাজ করা হয়। সেভাবে প্রস্তুতি নেয়া হচ্ছে। | ১০.ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নতুন বরাদ্দ আসলে প্রকল্প গ্রহণ করে কাজ শুরু করতে হবে। | নির্বাহীপ্রকৌশলী,<br>পানি উন্নয়ন বোর্ড,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ১১।<br>জনস্বাস্থ্য প্রকৌশল<br>অধিদপ্তর<br>ব্রাহ্মণবাড়িয়া | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস স্থাপন প্রকল্পের আওতায় প্রকল্পের কাজ চলমান। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্পে পানির উৎস স্থাপন ও উন্নত টয়লেট নির্মাণ প্রকল্পের নির্মাণ কাজ চলমান। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়/নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৫ টি Wash Block নির্মাণ প্রকল্পের ০৬টি প্যাকেজের নির্মাণ কাজ চলমান এবং ১২ টি Wash Block নির্মাণ প্রকল্পের ০২টি প্যাকেজের নির্মাণ কাজ চলমান। পিইডি-৪ প্রকল্পের TW এর আওতায় ১৫ টি এবং ২১টি Wash Block এর ৩টি প্যাকেজের নির্মাণ কাজ চলমান। পানির গুণগত মান পরীক্ষা প্রকল্পের জন্য জেলা পানি পরীক্ষাগার ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৯৫%। রাজস্ব বাজেটের আওতায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে অগ্রাধিকার ভিত্তিতে পানির উৎস/ নলকূপ স্থাপন প্রকল্পের কাজ চলমান। আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ১২০০টি নিরাপদ পানির উৎস স্থাপন প্রকল্পের বাস্তবা অগ্রগতি ৯০% ও আর্থিক অগ্রগতি ৬০%। | ১১.ক) প্রকল্পগুলোর বাস্তবায়ন কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।<br>১১.খ) নির্মানাধীন Wash Block ও চলমান Wash Block সমূহ নিয়মিত তদারক করতে হবে।<br><br>১১.গ) জনসমাগম রয়েছে এমন স্থানে Wash Block নির্মাণ করতে হবে।<br>১১.ঘ) গভ: মডেল গার্লস হাই স্কুলে সুপেয় পানির ব্যবস্থা করার জন্য গভীর নলকূপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১১.ঙ) কসবা উপজেলার মনকাশাইর আশ্রয়ণ প্রকল্প ও নবীনগর উপজেলার আশ্রয়ণ প্রকল্পে নলকূপ স্থাপন করতে হবে।<br>১১.চ) কমিউনিটি ক্লিনিকে ওয়াশব্লকের নির্মান কাজ সিভিল সার্জন অফিসের সাথে সমন্বয় করে করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>জনস্বাস্থ্য প্রকৌশল<br>অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ১২।<br>শিক্ষা প্রকৌশল,<br>অধিদপ্তর<br>ব্রাহ্মণবাড়িয়া | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্পের মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৬০টি। কাজের অগ্রগতি ৯৬%। নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহে উর্দ্ধমুখী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৬৫টি। কাজের গড় অগ্রগতি ৯৬%। নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পে মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩৪টি। কাজের গড় অগ্রগতি ৮৫%। সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন প্রকল্পে মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৪টি। কাজের অগ্রগতি ৭২%। ১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১টি। কাজের গড় অগ্রগতি ৯৯%। বিজ্ঞান শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকারি কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পে মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১টি। কাজের গড় অগ্রগতি ৯৯%। তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পে মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩১টি। কাজের গড় অগ্রগতি ১০০%। ৬৪টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্পের মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২টি। কাজের গড় অগ্রগতি ৬৫%। | ১২.ক) প্রকল্পসমূহের নির্মাণ কাজে নিয়মিত তদারকির সংখ্যা বাড়াতে হবে।<br>১২.খ) গুণগতমান বজায় রেখে নির্মাণ কাজ দ্রুত সময়ে সমাপ্ত করতে হবে।<br>১২.গ) বিয়াম ল্যাবরেটরী স্কুলের ভবনের কাজ গুণগতমান বজায় রেখে সমাপ্ত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>শিক্ষা প্রকৌশল<br>অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ১৩।<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,<br>ব্রাহ্মণবাড়িয়া | নির্বাহী প্রকৌশলী (বিতরণ-১ ও ২), বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, জানান বিদ্যমান পরিস্থিতিতে বিদ্যুৎ সাশ্রয়ে মিতব্যয়ী হতে হবে। যে সব দোকানের মালিকগণ অবৈধভাবে হকারদের বিদ্যুৎ সংযোগ প্রদান করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। | ১৩.ক) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সার্বক্ষনিক নিয়ন্ত্রণ কক্ষ খোলা রাখতে হবে।<br>১৩.খ) বিদ্যুৎ সরবরাহে সমস্যা হলে পুলিশ কন্ট্রোলরুমকে অবহিত করতে হবে।<br>১৩.গ) রাত ৮.০০ টার পর দোকান শপিংমল বন্ধের বিষয়ে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>১৩.ঘ) অবৈধ ইজিবাইক চার্জার কেন্দ্রের বিদুৎ সংযোগ বিচ্ছিন্ন করণের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>১৩.ঙ) দোকান মালিকগণ অবৈধভাবে হকারদের বিদ্যুৎ সংযোগ প্রদান করলে তাদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছন্ন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিক্রয় বিতরণ বিভাগ ১ও ২,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ১৪।<br>পল্লী বিদ্যুৎ সমিতি,<br>ব্রাহ্মণবাড়িয়া | ক) জিএম, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে পবিস বিভিন্ন শ্রেণির ২১৭৩টি নতুন সংযোগ প্রদান করেছে এবং সর্বমোট গ্রাহক সংখ্যা ৫,৪৫,৮৫১ জন। অক্টোবর ২০২৩ মাসে পবিসের নিজস্ব লোকবল দ্বারা ১৭টি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। সর্বমোট নির্মিত লাইনের দৈর্ঘ্য ৭২৫১ কিলোমিটার। | ১৪.ক) অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণঅভিযানঅব্যাহত রাখতে হবে।<br>১৪.খ) রাত ৮.০০ টার পর দোকান শপিংমল বন্ধের বিষয়ে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে ।<br><br>১৪.গ) অবৈধ ইজিবাইক চার্জার কেন্দ্রের বিদুৎ সংযোগ বিচ্ছিন্ন করণের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>১৪.ঘ) বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল দ্রুত পরিশোধের প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | জিএম, পল্লী<br>বিদ্যুৎ সমিতি, ব্রাহ্মণবাড়িয়া |
| ১৫।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | ক) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, রোপা আমন ধানের বীজতলার ২৬৫৬ হেক্টর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ পর্যন্ত বীজতলা তৈরি হয়েছে ২৮৩২ হেক্টর যা লক্ষ্যমাত্রার তুলনায় ১৭৬ হেক্টর বেশি। রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ৫১,৫০০ হেক্টর জমি রোপন হয়েছে ৫৩,১৫০ হেক্টর জমি যা লক্ষ্যমাত্রার তুলনায় ২,০১০ হেক্টর বেশি আবাদ হয়েছে। বিভিন্ন ডিলারের বিক্রয় কেন্দ্রে বর্তমানে ১৬৫০ মেঃ টন ইউরিয়া, ৪৫০ মেঃ টন টিএসপি, এমওপি ৫৪০ মেঃটন, এবং ৬২০ মেঃ টন ডিএপি সার মজুদ আছে। ডিলারগণ কর্তৃক বরাদ্দকৃত সার নিয়মিত এবং সময়মত উত্তোলন করে বিক্রয় কেন্দ্রে মজুদ নিশ্চিত করার বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।<br>খ) ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, শীতকালীন পেয়াজ, মুগ, মসুর ও খেসারি আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে গম ৫০০ জন/বিঘা, ভুট্টা-৬৪০ জন/বিঘা সরিষা-২৬৬০০ জন/ বিঘা,পেয়াজ-২৪০ জন/বিঘা, চিনাবাদাম-১২০ জন/বিঘা ও মসুর ডাল ২৫০ জন/বিঘাসহ মোট ২৯৩১০ জন/বিঘা ফসলের জন্য বিনামূল্যে বীজ ও সার বিতরণের কৃষি প্রণোদনা কর্মসূচি বাবদ ২,০২,৪২,৬৫০/- (দুই কোটি দুই লক্ষ বিয়াল্লিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উপজেলা কমিটি কর্তৃক কৃষকের মাঝে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>গ) জেলার সরাইল ও নাসিরনগর উপজেলার ৫০ একর হারে ০২ টি ব্লক প্রদর্শনী স্থাপনের মাধ্যমে ১০০ একর জমিতে হাইব্রিড জাতের বোরো ধানের সমলয় চাষাবাদ এর নিমিত্তে কৃষকের মাঝে বিনামূল্যে হাই ব্রিড জাতের বোরো ধান বীজ, সার ও অনান্য আনুসাঙ্গিক সহায়তা হিসেবে প্রণোদনা কর্মসূচির আওতায় ২৮,৫৭,০০০.০০ ( আটাশ লক্ষ সাতান্ন হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে।<br>ঘ) উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানান ঘুর্ণিঝড় মিধিলির কারণে আমন ধানের কোন ক্ষতি হয়নি। তিনি জানান বীজতলায় এমুহত্রে ২০% ধান পাকা আছে। ৮-১০ % ধান ইতোমধ্যে কাটা হয়েছে। Combined Harvester দিয়ে ধান কাটা হবে। | ১৫.ক) ডিলারগণ যাতে বরাদ্দকৃত সার নিয়মিত এবং সময়মত উত্তোলন করে বিক্রয় কেন্দ্রে মজুদ নিশ্চিত করেন তা মনিটর করতে হবে।<br><br>১৫.খ) প্রকৃত প্রান্তিক কৃষককের তালিকা তৈরি করে প্রণোদনার অর্থ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১৫.খ.১) সার নিয়ে যাতে কোন কৃত্রিম সংকট তৈরি না হয় তা নিশ্চিত করতে জেলা ও উপজেলা পর্যায়ে মনিটরিং এবং প্রয়োজনে মজুতদারদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>১৫.গ) সমলয় চাষাবাদ এর নিমিত্তে কৃষকের মাঝে বিনামূল্যে হাই ব্রিড জাতের বোরো ধান বীজ, সার ও অনান্য আনুসাঙ্গিক খরচ বাবদ বরাদ্দকৃত অর্থ স্বচ্ছতার সহিত ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>১৫.ঘ) সভাপতি সকল উপজেলা নির্বাহী অফিসারকে Combined Harvester দিয়ে ধান কাটা উৎসাহিতকরণের উদ্যোগ গ্রহণের জন্য বলেন। | উপ-পরিচালক,<br>কৃষি সম্প্রসারণ<br>অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া,<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br>( সকল)<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ১৬।<br>খাদ্য বিভাগ,<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান, জেলায় সর্বমোট ২০৯৮১মে. টন খাদ্যশস্য মজুদ রয়েছে। জেলা সদরে ৩০ জন ওএমএস ডিলারের মাধ্যমে ডিলার প্রতি প্রতিদিন সর্বোচ্চ ১০০০ কেজি ( মাথা পিছু ৫ কেজি হারে প্রতি কেজি ২৪ /- টাকা দরে আটা বিক্রি এবং মাথাপিছু সর্বোচ্চ ৫ কেজি হারে ৩০ টাকা কেজি দরে) চাল বিক্রি কার্যক্রম চালু রয়েছে এবং ০৫টি ওএমএস কেন্দ্রে পাইলটিং কার্যক্রম হিসেবে কার্ডের মাধ্যমে ভোক্তার মধ্যে চাল ও আটা বিতরণের জন্য ভোক্তার তালিকা প্রণয়ন কার্যক্রম চলমান। আমন/ ২০২৩-২০২৪ মৌসুমে জেলার ০৯ উপজেলায় ১৯৯৪ মে: টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। উপজেলা ওয়ারী আমন ধান সংগ্রহের পরিমাণ: ব্রাহ্মণবাড়িয়া সদর ৩৬৯ মে: টন,বিজয়নগর ১৮৬ মে. টন,আশুগঞ্জ ১৩৪ মে: টন, আখাউড়া ১৬৪ মে: টন, নবীনগর ২৪০ মে: টন,নাসিরনগর ১৭৭ মে: টন,বাঞ্ছারামপুর ২০ মে: টন,সরাইল২৬১ মে: টন ও কসবা উপজেলায় ৪৪৩ মে: টন। ধান সংগ্রহের সময়সীমা: ২৩/১১/২০২৩ হতে ২৮/০২/২০২৪ তারিখ পর্যন্ত । সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩০.০০ টাকা। অক্টোবর ২০২৩ মাসে জেলার বিভিন্ন উপজেলায় ফুডগ্রেইন লাইসেন্সের সংখ্যা ১২৬৪টি। খাদ্য অধিদপ্তরাধীন ধান, চাল, গম সংগ্রহ, সরবরাহ ও বিতরণ কার্যক্রমের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগ ব্যবহার করা হচ্ছে। | ১৬.ক) মজুদকৃত খাদ্য শস্য আধুনিক পদ্ধতিতে সংশ্লিষ্ট গুদামে সংরক্ষণ করতে হবে।<br>১৬.খ) খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় সরকারি নীতিমালা মোতাবেক চাল উত্তোলনপূর্বক সরকার কর্তৃক নির্ধারিত দরে বিক্রয় করতে হবে।<br>১৬.গ) খাদ্য অধিদপ্তরাধীন ধান, চাল, গম সংগ্রহ, সরবরাহ ও বিতরণ কার্যক্রমের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগ ব্যবহারে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>১৬.ঘ) সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে নির্ধারিত সময়ের মধ্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>১৬.খ) ওএমএস এর মাধ্যমে খাদ্যপণ্য বিতরণে উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে সমন্বয় করে কাজ করতে হবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া,<br>জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া,<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ১৭।<br>নির্বাহী প্রকৌশলী,<br>বিএডিসি<br>(ক্ষুদ্রসেচ)<br>ব্রাহ্মণবাড়িয়া | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি ( ক্ষুদ্রসেচ), ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, ব্রাহ্মণবাড়িয়া জেলায় বিএডিসি’র আশুগঞ্জ- পলাশ এগ্রো-ইরিগেশন প্রকল্প এর মাধ্যমে সেচ কার্যক্রম চলমান রাখার জন্য দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য নিরাপত্তার লক্ষ্যে কৃষি উৎপাদন অব্যাহত রাখার স্বার্থে প্রস্তাবিত ‘‘ আশুগঞ্জ পলাশ সবুজ প্রকল্প’’ শীর্ষক প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের ইরিগেশন ক্যানেল নির্মাণ সংক্রান্ত বিষয়ে বিএডিসি এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে পারস্পরিক সমঝোতা স্মারক ( Mou) অথবা ভূমি ব্যবহারের বা ভূমির মালিকানা চুক্তি সম্পন্ন হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়াধীন। | ১৭.ক) ব্রাহ্মণবাড়িয়া জেলায় বিএডিসি’র আশুগঞ্জ- পলাশ এগ্রো-ইরিগেশন প্রকল্প এর মাধ্যমে সেচ কার্যক্রম চলমান রাখার জন্য ‘‘ আশুগঞ্জ পলাশ সবুজ প্রকল্প’’ শীর্ষক প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের ইরিগেশন ক্যানেল নির্মাণ সংক্রান্ত বিষয়ে বিএডিসি এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে পারস্পরিক সমঝোতা স্মারক ( Mou) অথবা ভূমি ব্যবহারের বা ভূমির মালিকানা চুক্তি সম্পন্নের পর ডিপিপি প্রক্রিয়া অনুমোদনের পর দ্রুত কাজ শুরু করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>বিএডিসি<br>(ক্ষুদ্র সেচ),<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ১৮।<br>প্রাণি সম্পদ অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে ১২৩০৩৯টি গবাদি পশু ও ১০৫৫০০টি হাঁস মুরগীকে টিকা প্রদান এবং ১৯০টি পোষা প্রাণির চিকিৎসা প্রদান করা হয়। ৮১টি ফিড মিল/ হ্যাচারি ও খামার পরিদর্শন করা হয়েছে । উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সরাইলসহ লাইনেন্স বিহীন ফিড মিল ( আমিন ফিড মিল, শান্তিনগর, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। গরু জবাই নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | ১৮.ক) লাইসেন্স ছাড়া উৎপাদিত পশু খাদ্য প্রতিষ্ঠান বন্ধ করে দিতে হবে।<br>১৮.খ) ফিড মিল/ হ্যাচারি ও খামার পরিদর্শনের সংখ্যা বাড়াতে হবে।<br>১৮.গ) গরু জবাইয়ের সময় গরুর স্বাস্থ্য পরীক্ষা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আকস্মিক পরিদর্শন করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ১৯।<br>মৎস্য অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের লক্ষ্যে ৬০টি অভিযান ও ২১ টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ৭ লক্ষ মিটার কারেন্ট জাল জব্দ ও বিনষ্ট করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে এ পর্যন্ত ৪৭ টি মোবাইল কোর্ট পরিচালনা করে ২১.০৯ লক্ষ মিটার কারেন্ট জাল, ১৩৬২ টি চায়না রিং জাল, ০২টি মামলা ও ০২ জনকে কারাদন্ড এবং ৪৮ হাজার টাকা জরিমানা করা হয়। অক্টোবর ২০২৩ মাসে ফিশারিজ কোয়ারিন্টাইন অফিস, আখাউড়া এর মাধ্যমে স্থল বন্দর দিয়ে ৩২৩.৭১ মে.টন মাছ রপ্তানি হয় যার বাজার মূল্য ৮.৯৯ লক্ষ ইউএসডি। | ১৯.ক) কারেন্ট জাল/ ম্যাজিক/ রিং/ চায়না দুয়ারী জাল ব্যবহারের বিরুদ্ধে এবং নদী হতে পোনা মাছ আহরণের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>১৯.খ) আখাউড়া স্থল বন্দরের ফিশারিজ কোয়ারিন্টাইন অফিসের মাধ্যমে রপ্তানির পরিমাণ বাড়াতে হবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া;<br>জেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া<br>এবং<br>উপজেলা নির্বাহী অফিসার ( সকল)<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ২০।<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ২০.ক) গৃহীত প্রকল্পসমূহের গুণগতমান বজায় রেখে সমাপ্ত করতে হবে। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা.<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ২১।<br>জেলা শিক্ষা অফিস,<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে সপ্তাহে দুই দিন ছুটি হওয়ায় ৬ দিনের শ্রেণি কার্যক্রম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিমার্জিত সময় সূচি অনুযায়ী ৫ দিন বাস্তবায়নের জন্য জেলা শিক্ষা অফিসে কর্মরত কর্মকর্তাগণকে ক্লাষ্টার ভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৯৯৬/২০০৮ এর আদেশের আলোকে শিক্ষা প্রতিষ্ঠানে এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা বিভিন্ন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। মাদক, চিনি ও গরু চোরাচালান রোধ ও শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির বিষয়ে কসবা উপজেলাধীন সীমান্তবর্তী মোহাম্মদ নোয়াব জাকারিয়া টেকনিক্যাল উচ্চ বিদ্যালয় ও সোনারবাংলা এডভোকেট সিরাজুল হক উচ্চ বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ করা হয়েছে। | ২১.ক) ছাত্র- ছাত্রীদের স্বাস্থ্যবিধি মেনে শ্রেণি কক্ষে পাঠদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং অভিভাবকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২১.খ) ডেঙ্গু প্রতিরোধে সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার- পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে পত্র দিতে হবে এবং এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিবেদন দিবেন।<br>২১.গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শনের প্রমাপ নির্ধারণ করে দিতে হবে।<br>২১.ঘ) জেলা ও উপজেলার কর্মকর্তাগণ পরিদর্শন ও দাপ্তরিক কাজে যাতায়তকালীন সময়ে সংলগ্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।<br>২১.ঙ) বই বিতরণের অগ্রগতি প্রতিমাসে জেলাপ্রশাসক মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে।ভি।) | জেলা শিক্ষা কর্মকর্তা,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>সকল দপ্তর প্রধান,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ২২।<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিস,<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল প্রাথমিক বিদ্যালয় টুর্ণামেন্ট ২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ জেলা পর্যায়ে ফাইনাল খেলা ২০-২৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ২০২৪ শিক্ষাবর্ষে বিনামূল্যে নতুন পাঠ্যবই উপজেলা পর্যায়ে গ্রহণ করা হচ্ছে। | ২২.ক) ছাত্র- ছাত্রীদের স্বাস্থ্যবিধি মেনে শ্রেণি কক্ষে পাঠদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও অভিভাবকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২২.খ)ডেঙ্গু প্রতিরোধে সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার- পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে পত্র দিতে হবে এবং এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার প্রতিবেদন দিবেন।<br>২২.গ) বই বিতরণের অগ্রগতি প্রতিমাসে জেলাপ্রশাসক মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ২৩।<br>যুব উন্নয়ন অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন যুব ঋণ কার্যক্রম অব্যাহত আছে। এ জেলায় বেসিক কম্পিউটার, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, পোশাক তৈরি, হাঁস মুরগি গবাদিপশু পালন, কৃষি ও মৎস্য চাষ সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেড/ বিষয়সমূহের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে । | ২৩.ক) ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে এবং বেসিক কম্পিউটারসহ অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচি সঠিকভাবে পরিচালনা করতে হবে।<br>২৩.খ) প্রতি মাসের প্রশিক্ষণের সিডিউল পূর্ববর্তী মাসে ওয়েবসাইটে নিয়মিত প্রচার করতে হবে। | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া |
| ২৪।<br>সমাজসেবা অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ২৪.ক) ভাতা বিতরণ এর ক্ষেত্রে ভাতাভোগীগণ যাতে কোন ধরনের হয়রানি শিকার না হয় সে বিষয়ে সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | উপ-পরিচালক,<br>জেলা সমাজসেবা অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া,<br>এবং<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>(সকল)<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ২৫।<br>ইসলামিক ফাউন্ডেশন,<br>ব্রাহ্মণবাড়িয়া | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ব্রাহ্মণবাড়িয়া সভায়জানান, যে, সন্ত্রাস- জঙ্গীবাদ ও মাদক প্রতিরোধে ইসলামের করণীয় শীর্ষক বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের মাধ্যমে মসজিদে গণসচেতনতামূলক আলোচনা সভা অব্যাহত আছে। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সহ ইসলামিক ফাউন্ডেশনের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ২৫.ক) সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদকবাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন ছেলে ধরা গুজব, ডেঙ্গু,কোভিড-১৯ সহ অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধ ও মাস্ক পরিধান নিশ্চিত কল্পে জুম্মার নামাজের খুৎবার পূর্বে বয়ান অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২৫.খ) সর্বজনীন পেনশন স্কিম নিয়ে ইমামদের মাঝে প্রচারণা কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২৫.গ) ডেঙ্গু প্রচার সংক্রান্ত ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক খুৎবাটি জেলা সকল মসজিদের ইমামদের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২৫.ঘ সরাইল ও নাসিরনগর উপজেলার মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্রের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক , ইসলামিক ফাউন্ডেশন<br>ব্রাহ্মণবাড়িয়া<br><br>উপজেলা নির্বাহী অফিসার,<br>সরাইল ও নাসিরনগর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ২৬।<br>জেলা<br>উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ব্রাহ্মণবাড়িয়া | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ২৬.ক) Reaching out of School children Eduction Program এর আওতায় শতভাগ শিশুকে শিক্ষার মূল স্রোতধারায় নিয়ে আসার উদ্দেশ্যে দ্বিতীয়বার প্রাথমিক শিক্ষা সুযোগের মাধ্যমে ঝরে পড়া অথবা কখনও বিদ্যালয়ে যায়নি এমন ০৮-১৪ বছর বয়সী শিশুদের নিয়ে উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হবে। | জেলা উপানুষ্ঠানিক<br>শিক্ষা ব্যুরো, ব্রাহ্মণবাড়িয়া |
| ২৭।<br>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট,<br>ব্রাহ্মণবাড়িয়া | সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ২৭.ক) প্রাক-প্রাথমিক বিদ্যালয়সহ সকল কেন্দ্রের শিক্ষা কার্যক্রম তদারকি করতে হবে।<br>২৭.খ) সর্বজনীন পেনশন স্কিম নিয়ে<br>মন্দিরভিত্তিক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহ: পরিচালক,<br>হিন্দু ধর্মীয়, কল্যাণ ট্রাস্ট<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ২৮।<br>বাংলাদেশ টেলিভিশন,<br>ব্রাহ্মণবাড়িয়া উপকেন্দ্র | ক) উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, ব্রাহ্মণবাড়িয়া উপকেন্দ্র যে সকল ক্যাবল অপারেটরগণ বিটিভি হতে লাইসেন্স গ্রহণ না করে বা লাইসেন্স নবায়ন না করে অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের সহযোগিতা কামনা করেন। ওয়েব সাইট ১০০% হালানাগাদ করা হয়েছে। | ২৮.ক) যে সকল ক্যাবল অপারেটের লাইসেন্স গ্রহণ করেন নাই বা লাইসেন্স নবায়ন না করে অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপকেন্দ্র প্রধান<br>বাংলাদেশ, টেলিভিশন<br>ব্রাহ্মণবাড়িয়া উপকেন্দ্র, |
| ২৯।<br>বিআরটিএ,<br>ব্রাহ্মণবাড়িয়া | সহকারী পরিচালক, বিআরটিএ, ব্রাহ্মণবাড়িয়া সার্কেল অতিরিক্ত পণ্য বোঝাই ট্রাক ও লরীর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন। | ২৯.ক) গাড়ির রেজিস্ট্রেশন ও লাইসেন্স প্রদানের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br>২৯.খ) সড়কে শৃঙ্খলা আনয়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২৯.গ) অতিরিক্ত পণ্য বোঝাই ট্রাক ও লরীর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | পুলিশ সুপার,<br>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>ও<br>সহকারী পরিচালক,<br>বিআরটিএ, ব্রাহ্মণবাড়িয়া |
| ৩০।<br>বন বিভাগ,<br>ব্রাহ্মণবাড়িয়া | সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিক্রয় ও বিতরণের জন্য ২৫০০০টি চারা উত্তোলন এবং ৫.০০ কিলোমিটার বাগান সৃজনের বরাদ্দ পাওয়া যায়। | ৩০.ক) অবৈধ করাত কল বন্ধের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৩০.খ) বনায়ন বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩০.গ) দ্রুত গাছ বিতরণ সম্পন্ন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার,<br>(সকল)<br>ও<br>সহকারী বন সংরক্ষক,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ৩১।<br>বিআরডিবি,<br>ব্রাহ্মণবাড়িয়া | উপ-পরিচালক, বিআরডিবি, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে ঋণ আদায় করা হয়েছে ১২৪.২৫ লক্ষ টাকা। বছরে আদায় ৫৮৩.৬৯ লক্ষ টাকা, মাসে ঋণ বিতরণ করা হয়েছে ১৫১.৫৯ লক্ষ টাকা, বছরে ঋণ বিতরণ ৬৪০.৫৩ লক্ষ টাকা। | ৩১.ক) ঋণ বিতরণ, আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br><br>৩১.খ) প্রকল্প গ্রহণ এ বাস্তবায়নে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।<br>৩১.গ) সর্বজনীন পেনশন স্কিম নিয়ে প্রচারনা চালাতে হবে। | উপ-পরিচালক,<br>বিআরডিবি<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৩২।<br>আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক)<br>ব্রাহ্মণবাড়িয়া | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক,আমার বাড়ি আমার প্রকল্প অক্টোবর ২০২৩ মাসে জেলার ১০০ টি ইউনিয়নের মাঝে মোট সমিতির সংখ্যা ২৭১৭ টি। মোট সদস্য সংখ্যা ১,০১২১৩ জন। মোট সঞ্চয় ৩৮০৯.৯০ লক্ষ টাকা ও মোট গঠিত তহবিলের পরিমাণ ১৭৬৭৬.৯৩ লক্ষ টাকা। ঋণ বিতরণের হার ৭২% ও আদায়ের হার ৭৯%। বকেয়া ১৩৬২১.৪৫ লক্ষ টাকা। | ৩২.ক) জেলায় দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক) প্রকল্প কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং খেলাপী ঋণের হার ২৫% এ না কমা পর্যন্ত ঋণ বিতরণ বন্ধ রাখতে হবে। | উপজেলা নির্বাহী<br>অফিসার (সকল)<br>ও<br>জেলা সমন্বয়কারী,<br>আমার বাড়ি<br>আমার খামার প্রকল্প,(পল্লী সঞ্চয় ব্যাংক)<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৩।<br>বিটিসিএল<br>ব্রাহ্মণবাড়িয়া | সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে এলজিইডি, গণপূর্ত এবং সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বিটিসিএল এর সাথে সমন্বয় করে উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। বিগত সভার সিদ্ধান্তের আলোকে সকল দপ্তরের ল্যান্ডফোন লাইন সচল রাখার/ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সকল দপ্তরের ল্যান্ডলাইন সচল করায় সভায় বিটিসিএল, ব্রাহ্মণবাড়িয়াকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সকল দপ্তর প্রধানগণ তাদের টেলিফোন লাইন সচল আছে মর্মে সভায় উপস্থান করেন। এজন্য সভাপতি সকলের পক্ষ থেকে বিটিসিএল-এর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। অত:পর নিচের সিদ্ধান্ত নেয়া হয়।<br>৩৩.ক) উন্নয়নমূলক কার্যক্রমের ক্ষেত্রে এলজিইডি, গণপূর্ত, সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বিটিসিএল এর সাথে সমন্বয় করে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>৩৩.খ) ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে সার্বক্ষণিক উচ্চ গতি নিশ্চিত করার কার্যক্রম বজায় রাখতে হবে।<br>৩৩.গ) আগামী ০১ (এক) মাসের মধ্যে ইন্টারনেট ব্যবহারের মান বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।<br>৩৩.ঘ) দপ্তরের তালিকা মোতাবেক টেলিফোন লাইন সচল রাখতে হবে এবং বৃহস্পতিবার ও শুক্রবার দিন নিরবচ্ছিন্নভাবে ইন্টারনেট সেবা নিশ্চিত করতে হবে। | সহকারী ব্যবস্থাপক,<br>বিটিসিএল,<br>নির্বাহী প্রকৌশলী,<br>সড়ক ও জনপথ বিভাগ<br>গণপূর্ত বিভাগ,<br>এলজিইডি,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ৩৪। মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া | ক) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, জেলার ৯ টি উপজেলায় ভিডব্লিউবি কার্যক্রমে ২০২৩-২০২৪ এর আওতায় ১৩২৬৩ জন উপকারভোগীর মাঝে অক্টোবর ২০২৩ মাসে খাদ্যশষ্য বিতরণ করা হয়েছে। তাছাড়া নাসিরনগর, নবীনগরও বাঞ্ছারামপুর উপজেলায় অক্টোবর ২০২৩ মাসে পুষ্টি সমৃদ্ধ চাল বিতরণ করা হয়েছে। উপকারভোগীদের স্ব- স্ব ব্যাংক হিসাবে ভিডব্লিউবি সঞ্চয় জমা প্রদান কার্যক্রম চলমান। মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে নতুন বরাদ্দ বিভাজন পাওয়া গেছে এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী জুলাই ২০২৩ মাস হতে অত্র জেলাধীন ০৫টি পৌরসভা ০ ৯টি উপজেলার গর্ভবতী মায়েদের আবেদন অনুমোদন হয়েছে। মহিলাদের প্রশিক্ষণ কর্মসূচির আওতায় মোমবাতি তৈরি, সেলাই, খাদ্যদ্রব্য প্রক্রিয়াজাতকরণ, ব্লকবাটিক ও বিউটিফিকেশন ট্রেডসমূহে স্বাস্থ্যবিধি মেনে অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ০৩ মাসে মেয়াদে ১০০ জন প্রশিক্ষাণার্থী ভর্তি করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান। তাছাড়া নবীনগর, সরাইল,আখাউড়া ও কসবা উপজেলায় ৩০ জন করে মোট ১২০ জন প্রশিক্ষণার্থীর অক্টোবর' ২০২৩ হতে ডিসেম্বর' ২০২৩ পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর আওতায় ব্রাহ্মণবাড়িয়া সদর, নবীনগর, কসবা, আখাউড়া ও বাঞ্ছারামপুর পৌরসভায় জানুয়ারি- মার্চ ২০২৩ পর্যন্ত ০৩ মাসের বরাদ্দ পাওয়া গেছে এবং G2P পদ্ধতিতে উল্লিখিত ০৫ টি পৌরসভার ২৯৭৫ জন ভাতাভোগীর ভাতা বিতরণ কার্যক্রম চলমান। | ৩৪.ক) যথাযথভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>৩৪.খ) দরিদ্র মাতাগণের জন্য মাতৃত্বকালীন ভাতা বিতরণের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।<br>৩৪.গ) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক উঠান বৈঠকের সংখ্যা বাড়াতে হবে।<br>৩৪.ঘ) সর্বজনীন পেনশন স্কিম নিয়ে প্রচারনা চালাতে হবে। | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৫। জেলা সমবায় অফিস , ব্রাহ্মণবাড়িয়া | জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ৩৫.ক) নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের নিয়ম মাফিক ঋণ কার্যক্রম পরিচালনাসহ ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩৫.খ) আশ্রয়ণ প্রকল্পে বিতরণকৃত অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>৩৫.গ) প্রতি উপজেলায় স্থাপিত নতুন আশ্রয়ণ প্রকল্পে পুনর্বাসিত পরিবারের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৬। জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়িয়া | জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহের ব্র্যান্ডিং ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, বিভিন্ন সেক্টরে বর্তমান সরকারের সফলতা অর্জন, উন্নয়ন ভাবনা, ভিশন-২০২১ এর লক্ষ্য ও অর্জনসমূহ এবং সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ বিষয়ক কার্যক্রম, জঙ্গিবিরোধী শ্লোগান ও সরকারি পদক্ষেপসমূহ জেলা, উপজেলা পর্যায়ে মাইকিং, পোস্টার ও প্রামাণ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে বহুল প্রচারের কার্যক্রম অব্যাহত আছে। ডেঙ্গু রোগ বিষয়ে জনসচেতনতামূলক প্রচারণা অব্যাহত আছে। শেখ রাসেল দিবসে ডকুমেন্টারী প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ৩৬.ক) বিভিন্ন সেক্টরে বর্তমান সরকারের সুখী সমৃদ্ধ ভবিষ্যৎ বিনির্মাণে রূপকল্প-২০২১ এর সফলতা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন, লাইসেন্স বিহীন সিএনজি, ব্যাটারি চালিত রিক্সা, অটো রিক্সা, ভিক্ষুক মুক্তকরণ ও স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তোরণের বিষয়ে জেলা শহরে ও জেলার সকল উপজেলায় ব্যাপকভাবে প্রচার করতে হবে।<br>৩৬.খ) ডেঙ্গু প্রতিরোধে ও ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের বৈকালিক স্বাস্থ্য সেবা সম্পর্কে প্রচার চালাতে হবে।<br>৩৬.গ) সর্বজনীন পেনশন স্কিম নিয়ে প্রচারনা চালাতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ৩৭। জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়া | ক) উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে মোট সক্ষম দম্পতি ৫,৬২,৩৫২ জন ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার ৬৯.৭৫%। স্থায়ী পদ্ধতি ৬০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতির আইইউডি ৩০০ জন, ইনজেকশন ৭৮২৬৬ জন, খাবার বড়ি ১৭৫১৮৫ জন এবং কনডম ব্যবহারকারী ৩৪৬২৮ জনকে পরিবার পরিকল্পনার আওতায় আনা হয়। খাবার বড়ি গ্রহণের হার ৮২.১৬ %, কনডম গ্রহণকারীর হার ৯০.৪৯%, ইনজেকশন পদ্ধতি গ্রহণের হার ৭৫.৩৫%, আইইউডি গ্রহণের হার ৭১.৯৪%, ইমপ্ল্যান্ট গ্রহণের হার ১০০.২৩ % ও স্থায়ী পদ্ধতি গ্রহণের হার ৩২.২৬%। স্বাভাবিক প্রসব সেবা ৬৬৫ জন, সিজারিয়ান সেকশন ০৫ জন। তিনি সভায় আরও জানান, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ ও স্বাস্থ্য সচেতনতার উপর উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং বাল্যবিবাহের কুফল বিষয়ক ৩২০টি উঠান বৈঠক করা হয়েছে। ইউনিয়র স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বিনা খরচে ডেলিভারী করানোর ব্যবস্থা আছে। এ বিষয়ে মায়েদের মধ্যে সচেতনতা বৃদ্ধির প্রয়োজন। বাড়ীতে বাচ্চা প্রসব ০% এ নামিয়ে আনতে হবে। প্রাতিষ্ঠানিক প্রসব সেবা শতভাগ নিশ্চিত করা লক্ষ্যে বাঞ্ছারামপুর এবং সরাইল উপজেলাকে নির্বাচন করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২৫ - ৩০ নভেম্বর ২০২৩ তারিখ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ পালন করা হবে। | ৩৭.ক) পরিবার পরিকল্পনার মাঠ কর্মীগণকে নিয়ে সভা করে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধকরণ প্রক্রিয়া চালাতে হবে।<br><br>৩৭.খ) কমিউনিটি ক্লিনিকে প্রসব সেবা নিতে আসা মায়েদের শিশু সন্তান জন্মের পর জন্মনিবন্ধন সনদ বাধ্যতামূলক করে শিশু সন্তানের ছাড়পত্র প্রদান অব্যাহত রাখতে হবে।<br>৩৭.গ) বাড়িতে প্রসবের ব্যবস্থা না করে নিকটস্থ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে , উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা সদর হাসপাতালে ডেলিভারি ও এর সুফল সম্পর্কে সচেনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩৭.ঘ) ব্রাহ্মণবাড়িয়া জেলার আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত পরিবারগুলোকে স্থায়ী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ সম্পর্কে সচেতন করে তুলতে হবে।<br>৩৭.ঙ) ইনজেকশন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | সিভিল সার্জন<br>ও<br>উপ-পরিচালক<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৮। কৃষি বিপণন অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়া | কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দ্রব্যমূল্য পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে জেলা সদরের জগত বাজার ও আনন্দবাজার মনিটর করা হয়। কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন জেলায় ১৭টি প্রজ্ঞাপিত বাজার রয়েছে। কৃষি বিপণন আইন ২০১৮ এর আওতায় ১৭টি প্রজ্ঞাপিত বাজারে কৃষিপণ্যের ব্যবসায়ীগণকে লাইসেন্স প্রদান করা হচ্ছে। 202৩-202৪ অর্থ বছরে নভেম্বর ২০২৩ মাসে (১৬/১১/২০২৩) তারিখ পর্যন্ত ১৩২০০.০০ টাকা নন ট্যাক্স রেভিনিউ ও ১৯৮১.০০ টাকা ভ্যাট আদায় করা হয়েছে। | ৩৮.ক) কৃত্রিমভাবে সংকট সৃষ্টি করে যাতে দ্রব্যমূল্যের বাজার অস্থিতিশীল করতে না পারে এবং পেয়াজ ও চিনির বাজার অস্থিতিশীল করতে না পারে এ ব্যাপারে কঠোর মনিটরিং করতে হবে।<br><br>৩৮.খ) বাজার মূল্যের উর্ধ্বগতি প্রতিরোধে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | কৃষি বিপণন কর্মকর্তা,<br>কৃষি বিপণন অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৯। জেলা কারাগার ব্রাহ্মণবাড়িয়া | জেল সুপার, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, কারাগারে অন্তরীন বন্দিদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য গণশিক্ষা কার্যক্রম, পুরষদের টেইলারিং এবং ইলেকট্রিক্যাল প্রশিক্ষণ কার্যক্রম চলমান। এছাড়া কারাভ্যন্তরে পুরুষ বন্দিদের মোবাইল সার্ভিসিং কোর্স, ও মহিলা বন্দিদের জন্য টেইলারিং প্রশিক্ষণ কোর্স চালুর বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | ৩৯.ক) কারা অন্তরীণ ব্যক্তিদের স্বাবলম্বী করে তোলার জন্য প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেল সুপার, ব্রাহ্মণবাড়িয়া |
| ৪০। বিসিক ব্রাহ্মণবাড়িয়া | সহকারী মহাব্যবস্থাপক, বিসিক, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, কম্পিউটার ও গ্রাফিক্স প্রশিক্ষণ চলমান আছে। বিসিকের পুকুরের EGP দরপত্র চলতি মাসে আহবান করা হবে। | ৪০.ক) শিল্প ক্ষেত্রে নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য কাজ করতে এবং ইটিপি না থাকা শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪০.খ) উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর বিসিকের পুকুর ও, রাস্তা সংস্কার কাজে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি),<br>ব্রাহ্মণবাড়িয়া সদর<br>ও<br>সহকারী মহাব্যবস্থাপক বিসিক,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ৪১। পরিবেশ অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয় | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া জানান যত্রতত্র প্রাইভেট হাসপাতাল গড়ে ওঠার ফলে ব্রাহ্মণবাড়িয়া জেলার পরিবেশ বিপন্ন হচ্ছে। হাসপাতালের বর্জ্য দ্রুত অপসারণের অনুরোধ জানান। আবাসিক এলাকায় যাতে হাসপাতাল গড়ে না ওঠে সে বিষয়ে সিভিল সার্জন মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ৪১.ক) পরিবেশ আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>৪১.খ) নিষিদ্ধ ঘোষিত পলিথিন ব্যাগ ব্যবহারের বিরুদ্ধে মোবাইলকোর্ট পরিচালনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৪১.গ) হাসপাতালের বর্জ্য দ্রুত অপসারণ করতে হবে। | মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া |
| ৪২। জেলা শিশু বিষয়ক অফিস, ব্রাহ্মণবাড়িয়া | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। | ৪২.ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক শিশু একাডেমির প্রশিক্ষণ, প্রতিযোগিতা ইত্যাদি যথাযথভাবে সম্পাদন করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৩। ফ্রন্ট ডেস্ক ও জেলা ই-সেবা কেন্দ্র ব্রাহ্মণবাড়িয়া | ক) সকল বিভাগের তথ্যসমূহ ও বিভিন্ন ফরমসমূহ ওয়েবপোর্টালে আপলোড করা প্রয়োজন । তথ্য অধিকার বাস্তবায়নে প্রতি উপজেলায় ও দপ্তরে তথ্য কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগের মাধ্যমে প্রাপ্ত আবেদন সনদসহ নিষ্পত্তি করতে হবে।<br>খ) নিয়মিত জেলা ও উপজেলা ইনোভেশন কমিটির সভা করার বিষয়ে সভায় আলোচনা হয়। অনলাইন নথি ব্যবস্থাপনা ও ই-মোবাইল কোর্ট কার্যক্রম গতিশীল করার বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। সকল দপ্তরের ওয়েব পোর্টাল ও প্রোফাইল আপডেট রাখার বিষয়েও সভায় আলোচনা হয় । | ৪৩.ক) বিভাগীয় প্রধানদের নতুন যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের তথ্যাদি নিয়মিতভাবে পোর্টাল চেক করে আপডেট করতে হবে।<br>৪৩.খ) নিয়মিত জেলা ও উপজেলা ইনোভেশন কমিটির সভা করতে হবে।<br>৪৩.গ) সকল দপ্তরে আবশ্যিকভাবে ই-নথি চালু করতে হবে।<br>৪৩.ঘ) যে সকল দপ্তরে এখনো তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করে নাই তাদের দ্রুত আবশ্যিকভাবে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল) ব্রাহ্মণবাড়িয়া অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার ( সকল) ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৪। জেলা পরিসংখ্যান কার্যালয় ব্রাহ্মণবাড়িয়া | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত ট্যাবলেটসমূহের মধ্যে বিবিএস এর নিজস্ব প্রয়োজনের অতিরিক্ত ট্যাবলেটসমূহ বিতরণ গাইডলাইন অনুযায়ী শিক্ষার্থীগণের মাঝে বিতরণ করা হয়েছে। তাছাড়া জনশুমারি ও গৃহগণনা, ২০২২, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যা প্রকল্প-২০২২, আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩, কৃষি সংক্রান্ত কার্যক্রম, মাসিক মূল্য ও মজুরী জরিপ,SVRS In Digital Patfrom প্রকল্প, শ্রম শক্তি জরিপ প্রকল্প ও জাতীয় শিশুশ্রম জরিপ-২০২২ কার্যক্রম চলমান। | ৪৪.ক) জরিপ কার্যক্রমসমূহ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক জেলা পরিসংখ্যান কার্যালয় , ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৫। জেলা ক্রীড়া অফিস ব্রাহ্মণবাড়িয়া | জেলা ক্রীড়া অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক ক্রীড়া কর্মসূচির আওতায় ০৭ টি প্রতিযোগিতা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে সদর উপজেলাধীন লইস্কা বিল এলাকায় সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং বিজয়নগর উপজেলায় গত ০৬/১০/২০২৩ তারিখ কালাছড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ( অনুর্ধ্ব-১৪ ) বালকদের ফুটবল প্রতিযোগিতা বাস্তবায়ন করা হয়ছে। শেখ রাসেল দিবস-২০২৩ উপলক্ষ্যে গত ১৮/১০/২০২৩ তারিখে ব্রাহ্মণবাড়িয়া জেলার নিয়াজ মুহাম্মদ উচ্চ বিদ্যালয় মাঠে বালক- বালিকাদের হ্যান্ডবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া অফিসের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট, বালক ও বালিকা (অনুর্ধ্ব-১৭)-২০২৩ জেলা পর্যায়ের খেলা নিয়াজ মুহাম্মদ স্টেডিয়ামে০১/১১/২০২৩ হতে ১০/১১/২০২৩ ইং তারিখ পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হয়। | ৪৫.ক) ক্যালেন্ডার মোতাবেক ইভেন্টসমূহ বাস্তবায়ন করতে হবে। প্রশিক্ষণ, প্রতিযোগিতা ইত্যাদি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা ক্রীড়া অফিসার ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ৪৬।<br>পাট অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়া | মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অক্টোবর ২০২৩ মাস পর্যন্ত পাট ও পাটজাত দ্রব্যের ব্যবসার জন্য ১১৩টি লাইসেন্স নবায়ন ও মঞ্জুর করা হয়েছে। রাজস্ব বাবদ আদায় হয়েছে ১,১৫,০০০/- টাকা আদায় হয়েছে। বর্তমানে পাটের বাজারদর সাদা ১৪০০/- টাকা হতে ১৫০০/- টাকা এবং তোষা পাট ১৮০০/- টাকা হতে ১৯০০/ টাকা ক্রয়-বিক্রয় হচ্ছে। উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন ও সম্প্রসারণ'' শীর্ষক প্রকল্পের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলার সদয় উপজেলায় নির্বাচিত ১২০০ জন পাট চাষীর মাধ্যমে মানসম্মত তোষা পাট উৎপাদনের লক্ষ্যে ১২০০ কেজি তোষা জাতের পাটবীজ ও রাসায়নিক সার বিনামূল্যে বিতরণ করা হয়। তাছাড়া ৭৫ জন পাট চাষীকে উন্নত পদ্ধতিতে পাট ও পাটবীজ উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। অক্টোবর /২০২৩ মাসে সদর উপজেলায় ১টি ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ০২ জন ব্যক্তিকে ২৫,০০০.০০ টাকা অর্থ দন্ড দেয়া হয়। | ৪৬.ক)পণ্যে 'পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০' বাস্তবায়নের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>এবং<br>মুখ্য পরিদর্শক,<br>পাট অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৭।<br>ফায়ার সার্ভিস<br>ও সিভিল ডিফেন্স ব্রাহ্মণবাড়িয়া | **উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে ব্রাহ্মণবাড়িয়া ফায়ার স্টেশন, আশুগঞ্জ, কসবা, আখাউড়া, বাঞ্ছারামপুর, সরাইল ও নাসিরনগর, নবীনগর উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের আওতায় ২৫টি অগ্নিকান্ডের ঘটনায় আনুমানিক ক্ষতির পরিমাণ ২৫,৫০,০০০.০০ টাকা ও উদ্ধারকৃত মালামালের পরিমাণ ১,৩১,৫০,০০০.০০ টাকা। দুর্ঘটনার সংখ্যা ০৫টি,আহত ০৪ জন।মহড়া অনুষ্ঠিত হয় ২৭ টি,মৌলিক প্রশিক্ষণ ১৭ টি, গণসংযোগ ২৮ টি ও টপোগ্রাফি ২৮টি। জেলার বেশিরভাগ অফিসে অগ্নি নির্বাপন যন্ত্র নেই। এ গুলো স্থাপনের উপর গুরুত্বারোপ করেন।** | **৪৭.ক) অগ্নিকান্ড প্রতিরোধের বিষয়ে জনগণকে আরো সচেতন করে তোলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সর্বদা প্রস্তুত থাকতে হবে।**<br>**৪৭.খ) জেলার সকল অফিসে অগ্নি নির্বাপন যন্ত্র স্থাপন/সংস্কারকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | উপ-সহকারী পরিচালক,<br>ফায়ার সার্ভিস ও<br>সিভিল ডিফেন্স,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৮।<br>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে অভিযানের সংখ্যা ১২টি দন্ডিত প্রতিষ্ঠানের সংখ্যা ২৯টি, অভিযোগ প্রাপ্তির সংখ্যা ০৬ টি অভিযোগ নিষ্পত্তির সংখ্যা ০৫টি, অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে দন্ডিত প্রতিষ্ঠানের সংখ্যা ১টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে আদায়কৃত জরিমানার পরিমাণ ১৫০০.০০ টাকা। অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা ০৮টি এবং সরকারি কোষাগারে ১,১৯,১২৫.০০ টাকা জমা করা হয়। | ৪৮.ক) ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং দ্রব্যমুল্যের উর্ধ্বগতিরোধে বাজার মনিটরিং জোরদার করতে হবে।<br>৪৮.খ) বাজার মূল্যের উর্ধ্বগতি প্রতিরোধে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | সহকারী পরিচালক,<br>জাতীয় ভোক্তা অধিকার<br>সংরক্ষণ অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৯।<br>আঞ্চলিক পাসর্পোট অফিস,<br>ব্রাহ্মণবাড়িয়া | উপ পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, সপ্তাহে দুই দিন গণশুনানীর ব্যবস্থা গ্রহণ করায় পাসপোর্ট নিয়ে ভোগান্তি কমে আসছে। | ৪৯.ক) পাসপোর্ট করতে আসা সাধারণ জনগণ যাতে হয়রানি মুক্তভাবে যথাসময়ে পাসপোর্ট সরবরাহ পায় সে বিষয়ে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে।<br>৪৯.খ) বিদেশগামীদের পাসপোর্ট দ্রুততার সহিত সরবরাহ করতে হবে। | সহকারী পরিচালক,<br>আঞ্চলিক পাসপোর্ট অফিস,<br>ব্রাহ্মণাবাড়িয়া |
| ৫০।<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | সহকারী পরিচালক, সঞ্চয় অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ২৩৭.০০ কোটি টাকা। অর্জিত বিনিয়োগ ৪২.২৯৭০ কোটি টাকা। নতুন বিনিয়োগকারির সংখ্যা ৬০৫ জন। সুবিধাভোগীদেরকে চলতি অর্থবছরে ২৫.২৭২০ কোটি টাকা মুনাফা প্রদান করা হয়েছে এবং সরকারি কোষাগারে ২.৪১৭৭ কোটি টাকা জমা করা হয়েছে। | ৫০.ক) সঞ্চয় প্রত্যাশীরা যাতে ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | সহকারী পরিচালক,<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া। |
| ৫১।<br>জেলা সরকারি<br>গণ-গ্রন্থাগার<br>ব্রাহ্মণবাড়িয়া | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান নান্দনিক শিশু কর্ণার স্থাপন করা হয়েছে। | ৫১.ক) পাঠক সেবার মান বৃদ্ধি করে লাইব্রেরী নিবন্ধন কার্যক্রম বাড়াতে হবে।<br>৫১.খ) নান্দনিক শিশু কর্ণার স্থাপনের বিষয়ে প্রচার চালাতে হবে। | দপ্তর প্রধান<br>( সকল),<br>উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল)<br>ও<br>লাইব্রেরিয়ান,<br>জেলা সরকারি গণগ্রন্থাগার,<br>ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ৫২।<br>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ<br>ব্রাহ্মণবাড়িয়া | জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে অক্টোবর/ ২৩ মাসে ১৫ টি খাদ্যস্থাপনায় ( হোটেল-রেস্টুরেন্ট ও বেকারী ও মিষ্টির) মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলায় ১০০ জন শিক্ষার্থীদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক ১টি আলোচনা সভা করা হয়েছে। এছাড়া নিরাপদ খাদ্য বিষয়ক ৩৫০টি পোস্টার ও ৫৫০টি লিফলেট বিতরণ করা হয়েছে। একটি বেসরকারি কোম্পানির মাধ্যমে বিভিন্ন হোটেল রেস্তোরা থেকে পোড়া তৈল সংগ্রহ করার কার্যক্রম গ্রহণ চলমান আছে। | ৫২.ক) খাদ্যে ভেজাল এর বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রেখে মোবাইল কোর্ট পরিচালনা বাড়াতে হবে।<br><br>৫২.খ) বাজার মূল্যের উর্ধ্বগতি প্রতিরোধে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | জেলা খাদ্য নিরাপদ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৩।<br>ঔষধ প্রশাসন অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | ঔষধ তত্ত্বধায়ক, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে ব্রাহ্মণবাড়িয়া জেলায় ২২০ টি ফার্মেসী পরিদর্শন করা হয়। ৭০ টি প্রতিষ্ঠানে অনিয়ম প্রতিরোধ কারণ দর্শানোর নোটিশ/ সর্তকীকরণ নোটিশ প্রেরণ করা হয়। পাশাপাশি ০২ টি আলোচনা সভায় ৭৬ জন ঔষধ ব্যবসায়ীদের ঔষধের অনিয়ম প্রতিরোধে দিক নির্দেশনা দেয়া হয়। অক্টোবর ২০২৩ মাসের রাজস্ব আদায়ের পরিমাণ ১,৫৬,৯৫০.০০ টাকা। | ৫৩.ক) ফার্মেসীতে যেন মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় ও ড্রাগ লাইসেন্স ব্যাতীত ব্যাবসা পরিচালনা করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ড্রাগ লাইসেন্স ব্যাতীত পরিচালিত ঔষধের দোকান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৫৩.খ) মোট ফার্মেসীর সংখ্যা লাইসেন্সধারী, লাইসেন্সবিহীন ফার্মেসীর, বিগত মাসে লাইসেন্স প্রাপ্ত সংখ্যা এবং চলতি মাসে লাইসেন্স প্রাপ্ত সংখ্যা উল্লেখ করে প্রতিমাসে সমন্বয় সভার পূর্বে জেলাপ্রশাসক বরাবর প্রেরণ করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক<br>ঔষধ প্রশাসন<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৪।<br>কলকারখান ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া | উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া সভায় জানানা যে, সমন্বিত পরিদর্শন কার্যক্রম ১ম পর্যায়ের সংশোধন কর্মপরিকল্পনা বাস্তবায়ন চলমান রয়েছে এবং নিয়মিত পরিদর্শনপূর্বক বাংলাদেশ শ্রম আইন ও বিধিমালার প্রয়োগ নিশ্চিতকরণ, উদ্বুদ্ধকরণসহ সামগ্রিক কার্যক্রম অব্যাহত রয়েছে। 'বাংলাদেশ শ্রম আইন ২০০৬' এর ১১৪ ধারার বিধান মোতাবেক রাত ০৮ টার পর অব্যাহতিপ্রাপ্ত দোকান প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য দোকান বন্ধ রাখার জন্য নিয়মিত তদারকি করা হচ্ছে এবং এতদবিষয়ে সচেতনতার লক্ষ্যে প্রত্যেক দোকানে লিফলেট বিতরণ করা হচ্ছে। | ৫৪.ক) জেলা ও উপজেলা শিশুশ্রম নিরসন কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত পরিচালনা করতে হবে এবং শ্রম আইন বাস্তবায়নে কাজ করতে হবে। | উপমহাপরিদর্শক,কলকারখান ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৫।<br>ব্রাহ্মণবাড়িয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র,<br>চিনাইর, ব্রাহ্মণবাড়িয়া | অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, চিনাইর, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় বলেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। সভাপতি ভাষা বিষয়ক কোর্স বৃদ্ধির জন্য অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রকে অনুরোধ করেন। | ৫৫.ক) বিদেশগামী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br><br>৫৫.খ) যারা প্রশিক্ষণ নিতে আসে তাদেরকে দালালের হাত থেকে রক্ষা করার জন্য প্রতিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৫৫.গ) ভাষার কোর্স বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ,<br>ব্রাহ্মণবাড়িয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, চিনাইর, ব্রাহ্মণবাড়িয়া |

| | | | |
|---|---|---|---|
| ৫৬। ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া | প্রধান নির্বাহী কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা জানান যে, পৌরসভাধীন মার্কেটের নির্মাণ কাজ চলমান আছে। পৌরসভার অভ্যন্তরে অটোরিক্সায় হাইড্রোলিক হর্ণ ব্যবহার করে চলাচল করে এর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। ভাদুঘর পৌর বাস টার্মিনালে নেশাগ্রস্ত ও জুয়ার আসর বসে। এ বিষয়ে অভিযান পরিচালনার জন্য অনুরোধ জানান। পৌরসভা অফিসে ০৭ টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ভাদুঘর বাসস্ট্যান্ডের পূর্বপাশে দুটি দোকান অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছে। অবৈধ দোকান দুটি উচ্ছেদের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ৫৬.ক) পৌরসভার পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং ড্রেনের পাশে ফেলে রাখা ও উত্তোলিত ময়লা একদিনের মধ্যে অপসারণ অব্যাহত রাখতে হবে।<br><br>৫৬.খ) পৌরসভার অভ্যন্তরে অটোরিক্সায় হাইড্রোলিক হর্ণ ব্যবহার করে চলাচল করে এর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৫৬.খ) আনন্দ বাজার এলাকার তিতাস নদীর ময়লা অপসারণ করে ময়লা ফেলা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৫৬.গ) সরকারি দপ্তরের পৌরকর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫৬.ঘ) পৌরশহরে রাস্তার কাজ করার সময় সমন্বয় করে কাজ সম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫৬.ঙ) শরীফপুর এলাকায় ফোরলেন প্রকল্পের পাশ দিয়ে ড্রেন নির্মাণ না করলে বর্ষায় পানি জমে থাকবে। ড্রেন নির্মাণের ব্যবস্থা করতে হবে।<br>৫৬.চ) টাউন খালের ময়লা প্রতিরোধে পৌরসভায় স্থাপিত ড্রেনের টাউন খাল অভিমুখে রডের সাহায্যে নেট তৈরি করে দিতে হবে যাতে ময়লা টাউন খালে প্রবেশ করতে না পারে।<br>৫৬.ছ) ভাদুঘর পৌর বাসস্ট্যান্ড এলাকায় জুয়া ও নেশাখোরদের আসরে অভিযান পরিচালনা করতে হবে এবং বাসস্ট্যান্ডের পূর্বপাশে দোকান দুটি উচেছদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫৬.জ) ভাদুঘর পৌর বাসস্ট্যান্ড এলাকায় এবং গ্যাসফিল্ড এলকায় লাইটিং এর ব্যবস্থা করতে হবে। | পুলিশ সুপার,<br>মেয়র,<br>ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা,<br>ব্রাহ্মণবাড়িয়া<br>প্রকল্প পরিচালক,<br>আশুগঞ্জ নদীবন্দর- সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর পর্যন্ত ৪ লেন সড়ক নির্মাণ প্রকল্প,<br>ডিজিএম, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লি: ব্রাহ্মণবাড়িয়া<br>নির্বাহী প্রকৌশলী,<br>সড়ক ও জনপথ<br>ব্রাহ্মণবাড়িয়া।<br>দপ্তর প্রধান (সকল),<br>ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৭। পুলিশ সুপার এর কার্যালয় ব্রাহ্মণবাড়িয়া | ক) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান যে,আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। উন্নয়ন কাজের সাথে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের নিবিড় সম্পর্ক রয়েছে। সকল মিলে আইন- শৃঙ্খলা নিয়ন্ত্রণে কাজ করতে হবে। নিজ নিজ অফিসের নিরাপত্তা ব্যবস্থা নিজ দায়িত্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্রাহ্মণবাড়িয়া পৌরশহরকে সিসিটিভির আওতায় আনার উদ্যোগ নেয়া হয়েছে। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের আওতাধীন উপজেলা সদরকে সিসিটিভির আওতায় নিয়ে আসবেন। দাঙ্গা- হাঙ্গামা প্রতিরোধে জনপ্রতিনিধিদের সহযোগতি কামনা করেন। চলমান সহিংসতা ও নাশকতা প্রতিরোধে আইন- শৃঙ্খলা নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা কামনা করেনে। সহিংসতা ও নাশকতার বিষয়ে সকল দপ্তর প্রধানগণকে সজাগ থাকতে হবে। প্রত্যেক অফিসের নৈশপ্রহরীর সংখ্যা বাড়ানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হয়। | ৫৭.ক) জেলার জানমাল ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতে দায়িত্ব পালন অব্যাহত রাখতে হবে।<br>৫৭.খ) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>৫৭.গ) চুরি ছিনতাই প্রতিরোধে বাসা-বাড়ীতে, শপিং মলে নিজ উদ্যোগে সিসিটিভি স্থাপন করতে হবে।<br>৫৭.ঘ) চলমান সহিংসতা ও নাশকতার হাত থেকে রক্ষার জন্য নিজ নিজ দপ্তরের নিরাপত্তা কাজে নিয়োজিত নিরাপত্তা প্রহরীর সংখ্যা বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সচেতন থাকতে হবে। | পুলিশ সুপার,<br>ব্রাহ্মণবাড়িয়া,<br>মেয়র,<br>ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা,<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৫৮।<br>আইসিটি বিষয়ক,<br>ব্রাহ্মণবাড়িয়া | ক) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া সভায় বলেন যে, আগামী সভার পূর্বেই সকল দপ্তরের ওয়েবপোর্টালহালনাগাদ করতে হবে।<br>খ) যে সকল দপ্তরই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণ করেছে, তাদেরকেই-ফাইলিং কাজ করতে হবে এবং যারা প্রশিক্ষণ গ্রহণ করেনি তাদেরকে আবশ্যিকভাবেপ্রশিক্ষণ গ্রহণ করতে হবে। | ৫৮.ক) সকল দপ্তরের ওয়েবপোর্টালহালনাগাদ করতে হবে এবং নিয়মিত ওয়েব পোর্টাল চেক করতে হবে।<br>৫৮.খ) প্রশিক্ষণ গ্রহণকৃত সকল অফিসে ই-ফাইলিং কার্যক্রম আবশ্যিকভাবে চালু করে একে আরো গতিশীল রূপ দিতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৫৯।<br>বিবিধ | ক) **সভাপতি**: সর্বজনীন পেনশন স্কিমের প্রবাস,প্রগতি,সুরক্ষা ও সমতা স্কিম নিয়ে সভায় সকলকে অবহিত করেন। তিনি সকল দপ্তর প্রধানকে এই বিষয়ে নিজ নিজ কর্মক্ষেত্রে প্রচারনা চালানোর অনুরোধ করেন।<br>১. আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলাকে গৃহহীন ও ভূমিহীনমুক্ত জেলা হিসেবে ঘোষনা করায় সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>২. পৌরসভা ব্যাতীত সকল উপজেলা সদরে ডাম্পিং স্টেশন স্থাপনের নিমিত্ত স্থান খুজে বের করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়।<br>৩. চলমান সহিংসতা ও নাশকতা প্রতিরোধে সরকারি দপ্তরের নিরাপত্তা বৃদ্ধির জন্য একজন নিরাপত্তা প্রহরীর স্থলে দুই জন নিরাপত্তা প্রহরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>৪. হাওরকেন্দ্রিক পর্যটন স্পট গড়ে তোলে পর্যটন খাতকে বিকশিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।<br>৫. সকল দপ্তরকে সিসিটিভির আওতায় আনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৬. অফিসে প্রয়োজনীয় মোবাইল ফোন নাম্বারের তালিকা যেমন, জেলাপ্রশাসক, পুলিশ, আনসার, র‍্যাব, বিজিবি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,এ্যাম্বুলেন্স সংরক্ষণ করার উপর গুরুত্বারোপ করেন।<br>৭. অফিসে অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবস্থাকরণ, অগ্নি নির্বাপন যন্ত্র থাকলে তা সচল কিনা পরীক্ষাকরণ, প্রয়োজনীয় সংখ্যা কর্মচারীকে ফায়ার সার্ভিসের সহায়তায় অগ্নি নির্বাপনের বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮. নিজ নিজ অফিসের দাপ্তরিক টেলিফোন/ ল্যান্ডফোন সার্বক্ষণিক সচল রাখার নিশ্চিত করা। | ৫৯.ক) সর্বজনীন পেনশন স্কিমের প্রবাস,প্রগতি,সুরক্ষা ও সমতা স্কিম নিয়ে প্রচারনা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫৯.খ) প্রত্যেক উপজেলায় এই বিষয়ে বিশেষ অবহিতকরণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫৯.১.গ) আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলাকে গৃহহীন ও ভূমিহীনমুক্ত জেলা হিসেবে ঘোষনা করায় সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>৫৯.২.ঘ) পৌরসভা ব্যাতিত সকল উপজেলা সদরে ডাম্পিং স্টেশন স্থাপনের জন্য স্থান খুজে বের করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৫৯.৩.ঙ) চলমান সহিংসতা ও নাশকতা প্রতিরোধে সরকারি দপ্তরে একজন নিরপত্তা প্রহরীর স্থলে দুই জন নিরাপত্তা প্রহরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>৫৯.৪.ঙ) হাওরকেন্দ্রিক পর্যটন স্পট গড়ে তোলে পর্যটন খাতকে বিকশিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫৯.৫.চ) সকল দপ্তরকে সিসিটিভির আওতায় আনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৫৯.৬.ছ) অফিসে প্রয়োজনীয় মোবাইল ফোন নাম্বারের তালিকা যেমন, জেলাপ্রশাসক, পুলিশ, আনসার, র‍্যাব, বিজিবি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,এ্যাম্বুলেন্স সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>৫৯.৭.জ) অফিসে অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবস্থাকরণ, অগ্নি নির্বাপন যন্ত্র থাকলে তা সচল কিনা পরীক্ষাকরণ, প্রয়োজনীয় সংখ্যা কর্মচারীকে ফায়ার সার্ভিসের সহায়তায় অগ্নি নির্বাপনের বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫৯.৮.ঞ)নিজ নিজ অফিসের দাপ্তরিক টেলিফোন/ ল্যান্ডফোন সার্বক্ষণিক সচল নিশ্চিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | দপ্তর প্রধান (সকল) ব্রাহ্মণবাড়িয়া<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল)<br>ব্রাহ্মণবাড়িয়া<br><br>উপজেলা নির্বাহী অফিসার,<br>নাসিরনগর, সরাইল, নবীনগর,<br>বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০০৮.০২.০০৩.২২.১৬৮৬

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০
০৩ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ঢাকা
৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৫) মেয়র....................................পৌরসভা (সকল), ব্রাহ্মণবাড়িয়া
৬) দপ্তর প্রধান ......................................................., ব্রাহ্মণবাড়িয়া।
৭) চেয়ারম্যান......................................উপজেলা পরিষদ (সকল), ব্রাহ্মণবাড়িয়া
৮) উপজেলা নির্বাহী অফিসার, .....................(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
১০) অফিস কপি, সাধারণ শাখা

মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক